**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**11 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুন দিল্লীর ভারতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠানে অধিক উৎপাদনে সক্ষম জলবায়ু অনুকূল তথা জৈব পুষ্টিবর্ধন শস্যের ১শো ৯টি প্রজাতির সূচনা

২) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার রাজ্যের জমি অধিকারের ফলপ্রসূ কার্যসূচি মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায় খুব শীঘ্রই আরম্ভ করা হবে বলে প্রকাশ ।

৩) রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্র মোহণ পাটোয়ারীর আজ করিমগঞ্জে অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বীতীয় পর্যায়ের অধীনে জেলায় বৃক্ষ রোপনে অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ ।

৪) বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারের নেতা মহম্মদ ইউনুসের হিংসাজর্জরিত দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সংঘটিত আক্রমণের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে এই ঘটনাকে জঘন্য বলে অবিহিত ।

৫) প্রায় তিন সপ্তাহব্যাপী রোমাঞ্চকর ক্রীড়া প্রতিযোগিতার পর আজ অলিম্পিকের সমাপ্তি । ভারতের ১টি রৌপ সহ সর্বমোট ৬টি পদক লাভ ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর ভারতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠানে অধিক উৎপাদনে সক্ষম জলবায়ু অনুকূল তথা জৈব পুষ্টিবর্ধন শষ্যের ১শো ৯টি প্রজাতির সূচনা করেন । নতুন ভাবে শুরু করা এই ১শো ৯টি প্রজাতির মধ্যে ৩৪টি প্রজাতি ব্যাপক একাকায় রূপন করার উদ্দেশ্যে পদক্ষেপ গ্রহণ করা হবে এছাড়াও উদ্যান শষ্যের বিস্তারের জন্য ২৭টি প্রজাতি বেছে নেওয়া হয়েছে । ব্যাপক এলাকায় রূপণযোগ্য ফল সমূহের মধ্যে রয়েছে মিলেট , বিভিন্ন খাদ্য শষ্য , দানা জাতীয় শষ্য , তৈলবীজ , আঁখ , কার্পাস , আশযুক্ত শষ্য এবং অন্যান্য সম্ভাবনাময় শষ্য ইত্যাদি । উদ্যান জাতীয় শষ্যের মধ্যে রয়েছে বিভিন্ন ফলমূল , শাস-শব্জী , ফুল , ঔষধি বৃক্ষ ইত্যাদি ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের জমি অধিকারের ফলপ্রসূ কার্যসূচি মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায় খুব শীঘ্রই আরম্ভ করা হবে বলে সামাজিক মাধ্যম যোগে প্রকাশ করেছেন । মিশন বসুন্ধরার প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের ব্যাপক সফলতার পর নিদৃষ্ট সময়ের মধ্যে বিভিন্ন জমি সম্পর্কে সেবা প্রদানের প্রক্রিয়া হিসেবে মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায় আরম্ভ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । এই পর্যায়ে মিশন বসুন্ধরার দ্বিতীয় পর্যায়ে বাতিল হওয়া আবেদন পত্রগুলিরও পর্যালোচনা করা হবে ।

---

রাজ্যের সীমান্ত সুরক্ষা এবং উন্নয়ন মন্ত্রী অতুল বরা মিজোরাম ও আসামের মধ্যে আর্ন্তজাতিক সীমাবিবাদ সমাধানের ক্ষেত্রে মিজোরাম সরকারের সহযোগিতা ও দায়বদ্ধতার জন্য ওই রাজ্যের মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন । মন্ত্রী শ্রী বরার নেতৃত্বে একটি প্রতিনিধি দল গতকাল

মিজোরামের রাজধানী আইজলে মুখ্যমন্ত্রী লালডুহোম-এর সঙ্গে সাক্ষাৎ করে । এ সম্পর্কে সামাজিক মাধ্যমের একটি পোষ্টে শ্রী বরা জানিয়েছেন যে সীমা বিবাদের ক্ষেত্রে সৌহার্দ্যপূর্ণ সমাধান খুজে বের করার উদ্দেশ্যে মিজোরামের মুখ্যমন্ত্রীর প্রচেষ্টা এবং নিষ্ঠা প্রশংসনীয় এবং এর মাধ্যমে বিবাদমান অঞ্চলে শান্তি ও প্রগতির সূচনা হবে । মিজোরামের মুখ্যমন্ত্রীর বিশেষ উদ্যোগ এবং আসাম সরকারের তৎপরতায় উভয় রাজ্যের মধ্যে সীমা বিবাদ সমস্যার সমাধান হবে বলে শ্রী বরা আশা প্রকাশ করেছেন । তিনি বলেন যে এই সমস্যার সমাধান হলে উভয় রাজ্যের সীমান্ত সংলগ্নে বসবাসকারী মানুষ বিশেষ ভাবে উপকৃত হবেন ।

---

রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আজ করিমগঞ্জ জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায়ের অধীনে জেলায় বৃক্ষ রোপনের অগ্রগতি সম্পর্কে এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন । বৈঠকের পরে তিনি সাংবাদিকদের জানান যে রাজ্যে ৩ কোটি গাছের চারা রোপন করার লক্ষ্য আসামের অর্থনীতি এবং পরিবেশের জন্য এক বড় পদক্ষেপ ।করিমগঞ্জ জেলায় এখনো পর্যন্ত ৮ লক্ষ ৫৫ হাজার ৬০০ গাছের চারা বিতরন করা হয়েছে বলে উল্লেখ করে চারা বিতরন সহ প্রতিপালনের ওপরও তিনি জোর দেন । বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,পুলিশ সুপার পার্থ প্রতিম দাস সহ বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারের নেতা মহম্মদ ইউনুস হিংসাজর্জরিত দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সংঘটিত আক্রমণের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে এই ঘটনাকে জঘন্য বলে অবিহিত করেছেন । সংবাদ মাধ্যমের তথ্য অনুসারে নোবেল জয়ী মহাম্মদ ইউনুস প্রতিবেদে যুক্ত ওই দেশের ছাত্র-ছাত্রীদের বাংলাদেশে বসবাসরত হিন্দু, খৃষ্টান এবং বৌদ্ধ ধর্মের লোকেদের সুরক্ষা প্রদান করার আহ্বান জানিয়েছেন ।

রাষ্ট্রসংঘের সচিব এন্টনিও গুটেরেশের মুখপাত্র ফারহান হকও বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সংঘটিত হামলার নিন্দা জানিয়ে জাতি-ধর্ম অথবা যে কোন বৈষম্যের ভিত্তিতে হিংসার বিরোধীতা করার ওপর গুরুত্ব আরোপ করেছেন । ফারহান হক হিংসার দ্বারা প্রভাবিত হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘুদের সহায়তা করতে রাষ্ট্রসংঘ প্রস্তুত রয়েছে বলেও নিশ্চয়তা দিয়েছেন ।

এদিকে গতকাল বাংলাদেশের সহশ্রাধিক হিন্দু সম্প্রদায়ের লোক রাজধানী ঢাকা এবং চট্টগ্রামের উত্তর-পূর্ব বন্দর শহরে লাগাতার দ্বিতীয় দিন বৃহৎ প্রতিবাদী কার্যসূচি পালন করে । এই প্রতিবাদী কার্যসূচির ফলে ঢাকার প্রধান অঞ্চল শ্বাহবাগে ৩ ঘন্টার অধিক সময় যান-বাহণ চলাচল বিঘ্নিত হয় । সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর অত্যাচার চালানোর ঘটনায় যুক্ত দুস্কৃতকারিদের দ্রুত বিচারের দাবীতে বিশেষ ন্যায়াধীকরণ গঠন , সংখ্যালঘুদের জন্য ১০ শতাংশ আসান সংরক্ষণ , সংখ্যালঘু সুরক্ষা ইত্যাদি দাবী সম্বলিত ওই প্রতিবাদী কার্যসূচিতে ছাত্র-ছাত্রী সহ সহস্রাধিক মুসলমান সম্প্রদায়ের লোকও সংখ্যালঘুদের প্রতি সংহতি প্রকাশ করে আন্দোলনে যোগদান করেন । বাংলাদেশে সংখ্যালঘু হিন্দু এবং অন্যান্য ধর্মীয় সম্প্রদায়কে লক্ষ্য করে সম্প্রতি সংঘটিত হিংসাত্মক ঘটনার বিরুদ্ধে গতকাল ওয়াশিংটনের হোয়াইট হাউসের সামনে প্রতিবাদকারীদের একটি বৃহৎ দল জমায়েত হয়েছিল ।

প্রায় তিন সপ্তাহব্যাপী রোমাঞ্চকর ক্রীড়া প্রতিযোগিতার পর আজ রাতে আকর্ষণীয় অনুষ্ঠানের মাধ্যমে প্যারিস আলিম্পিকের সমাপ্তি হবে । সমাপ্তি অনুষ্ঠান ভারতীয় সময় অনুসারে আজ রাত সাড়ে ১২টায় শুরু হবে । অনুষ্ঠানে ষ্টেডিয়ামে প্রায় ৮০ হাজার দর্শক উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে ২০২৮ সালে লস এঞ্জেলসে অনুষ্ঠেয় পরবর্তী অলিম্পিক ক্রীড়া মহোৎসবের আয়োজক কমিটির হাতে অলিম্পিক পতাকা তুলে দেওয়া হবে ।

ভারত এবারের অলিম্পিকে ১টি রৌপ পদক এবং ৫টি ব্রোঞ্জ সহ মোট ৬টি পদক লাভ করে ৭১তম স্থানে রয়েছে । মনু ভকরের ব্রোঞ্জ পদক লাভ করার মাধ্যমে ভারত এবারের অলিম্পিকে প্রথম পদক অর্জন করে । ভকর অলিম্পিকের শুটিং-এ পদক অর্জন করা প্রথম ভারতীয় মহিলা । এরপর, ভকর সরবজোৎ সিং-এর সঙ্গে ১০ মিটার এয়ার পিস্তল মিক্সিড শাখায় আরো একটি ব্রোঞ্জ পদক লাভ করে ইতিহাসে নিজের নাম লিপিবদ্ধ করেন । স্বপ্ননীল কুশল শুটিং-এ দেশের জন্য তৃতীয় পদক অর্জন করেন । এর পর ভারতীয় পুরুষ হকী দল চতুর্থ ব্রোঞ্জ পদক অর্জন করতে সক্ষম হয় । একই ভাবে নীরজ চুপ্রা পুরুষের জেভলিন থ্রোতে রৌপ পদক অর্জন করেন । ভারতের উদীয়মান খেলোয়াড় অমন সেহেরাওত পরুষের মল্লযুদ্ধের মল্লযুদ্ধের ৫৭ কে জি ওজন শাখায় ফ্রী ষ্টাইল শাখায় ব্রোঞ্জ পদক লাভ করে অলিম্পিকের পদক জয় করা দেশের কনিষ্ঠতম খেলোয়াড় হিসেবে পরিগণিত হয়েছেন ।

---

চিকিৎসা বিজ্ঞানের স্নাতকোত্তর পাঠ্যক্রমের চলতি বছরের যোগ্যতা নিরূপণ ও প্রবেশ ( নীট পি জি ) পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়েছে । চিকিৎসা বিজ্ঞানের রাষ্ট্রীয় পরীক্ষা নিয়ন্ত্রণ বোর্ড আজ দুটি নির্ধারিত সময়সূচিতে কম্পিউটারের মাধ্যমে দেশের ২ লক্ষের অধিক পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ

করে । গত জুন মাসে এই প্রবেশিকা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তবে দেশের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় গোপনীয়তা ভঙ্গের অভিযোগ উত্থাপন হওয়ার পরিপ্রেক্ষিতে পরীক্ষার ১ দিন আগেই ওই পরীক্ষা স্থগিত রাখার কথা ঘোষণা করা হয়েছিল ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ দেশের পূর্ব , উত্তর-পূর্ব এবং উত্তর-পশ্চিম অংশে আগামী ১৬ আগষ্ট পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আগাম সতর্কবার্তা জারী করেছে । আবহ বিজ্ঞান বিভাগ আসাম , মেঘালয় , মিজোরাম , অরুণাচল প্রদেশ , নাগাল্যান্ড , মনিপুর এবং ত্রিপুরার বিভিন্ন স্থানে আগামী ৫ দিন মুশলধারে ভারী বৃষ্টিপাতের প্রবল সম্ভাবনা রয়েছে বলে সতর্কতা জারী করেছে । ওই একই সময়ে হিমাচল প্রদেশ , উত্তরাখন্ড , রাজস্থান এবং উত্তর প্রদেশেও ভারী বৃষ্টিপাত হতে পারে বলে বিভাগীয় সূত্রে প্রকাশ করা হয়েছে ।

---

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের ভাবনা সুদৃঢ় করতে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে হর ঘর তেরঙ্গা অভিযানের অধীনে র‍্যালি , ক্যানভাস , কনসার্ট , তেরঙ্গা মেলা ইত্যাদির আয়োজন করা হয়েছে ।আগামীকাল জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তেরঙ্গা র‍্যালি , তেরঙ্গা ক্যানভাস ইত্যাদি সহ হাইলাকান্দি টাউনহলে আগামীকাল বিকেলে তেরঙ্গা কনসার্টের আয়োজন করা হয়েছে ।এছাড়া আগামীকাল জেলার সরকারী কার্যালয় , শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদিতে নেশা মুক্ত ভারত অভিযানের অংশ হিসেবে শপথ

গ্রহণ করা হবে ।প্রশাসনের পক্ষ থেকে এই কর্মসূচী সফল করে তুলতে সবাইকে অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।

---

শহিদ ক্ষুদিরাম স্মৃতি রক্ষা কমিটি শিলচরের উদ্যোগে আজ ক্ষুদিরাম বসুর ১১৭ তম আত্মবলিদান দিবস যথাযগোয্য মর্যাদায় পালন করা হয় ।আজ সকালে শহিদ ক্ষুদিরামের মূর্তিতে মাল্যদান করেন সংগঠনের সম্পাদক নকুল রঞ্জন পাল , নেতাজী ফাউন্ডেশনের কর্ণধার নিহার রঞ্জন পাল , অধ্যাপক অজয় রায় সহ বিভিন্ন সংগঠনের সদস্য সদস্যারা ।পরে এই দিবস পালনের তাৎপর্য ব্যাখ্যা করেন প্রাক্তন শিক্ষক সুব্রত চন্দ্র নাথ ।

---

হাইলাকান্দির নৃত্যাঞ্জলী একাডেমীর উদ্যোগে গতকাল থেকে চারদিনের নৃত্য কর্মশালার আয়োজন করা হয়েছে ।কলকাতার বিশিষ্ট নৃত্য শিল্পী অনিতা মল্লিক ও তাঁর সহকারী কবিতা চ্যাটার্জী কর্মশালায় শিক্ষার্থীদের নৃত্যের প্রশিক্ষণ দেবেন।এ উপলক্ষে গতকাল হাইলাকান্দি রোটারি ক্লাব ভবনে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় ।অনুষ্ঠানে একাডেমী অধ্যক্ষা মধুমিতা ভট্টাচার্য , সাংবাদিক শঙ্করী চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।এই কর্মশালায় জেলার বিভিন্ন প্রান্তের ৭৫ জন শিক্ষার্থী অংশগ্রহন করেছে ।

---

শিলচর সঙ্গীত বিদ্যালয়ের ৮৫ তম বর্ষপূর্তী তথা পন্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখন্ডের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে গতকাল শিলচর বঙ্গভবনে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী শিবানী ব্রহ্মচারী ও শাস্ত্রীয় সঙ্গীত শিল্পী নির্মল আচার্যকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয় ।